

REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:07-10-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, শিক্ষা ব্যবস্থার আধুনিকিকরণে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্পে সঠিক পরিকল্পনার মাধ্যমে কাজ করছে। গতকাল খোয়াইতে সিঙ্গিছড়া শরণচন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং দুর্গানগরে খোয়াই সরকারি ইংরেজি মাধ্যম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের দুটি পাকা বাড়ি উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যের বিদ্যাজ্যোতি স্কুলগুলোর প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষার্থীদের উন্নতমানের শিক্ষা প্রদানের জন্য রাজ্য সরকার সংশ্লিষ্ট বিদ্যালয়গুলির শিক্ষক-শিক্ষিকাদের উন্নতমানের প্রশিক্ষণের ব্যবস্থা করেছে। অনুষ্ঠানে মন্ত্রী টিঙ্কু রায়, বিধায়ক নির্মল বিশ্বাস, পিনাকী দাস চৌধুরী, জিলা পরিষদের সভাধিনেত্রী অপর্ণা সিংহ রায় সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এদিকে, মুখ্যমন্ত্রী গতকাল খোয়াইতে একটি আন্তর্জাতিক মানের সিন্ধেটিক ফুটবল মাঠের উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যকে খেলাধুলায় এদিয়ে নিয়ে যেতে পরিকাঠামোর মান উন্নয়নে সরকার সচেষ্ট রয়েছে। তিনি বলেন, রাজ্যে ইতিমধ্যেই এই ধরনের সাতটি সিন্ধেটিক ফুটবল মাঠ তৈরী করা হয়েছে।

Ratan Lal Nath :

বিদ্যুৎ মন্ত্রী রতন লাল নাথের সভাপতিত্বে গতকাল শারদ উৎসবে বিদ্যুৎ পরিষেবা স্বাভাবিক রাখতে আগরতলায় বিদ্যুৎ নিগম

লিমিটেডের কর্পোরেট কার্যালয়ে এক পর্যালোচনা বৈঠক হয়েছে। মন্ত্রী শ্রী নাথ পরে জানান, দুর্গাপূজা সহ দীপাবলি পর্যন্ত উৎসবের এই দিনগুলোতে রাজ্যে যাতে বিদ্যুতের কোন ঘাটতি না হয় এবং নিরন্তর বিদ্যুৎ পরিষেবা বজায় থাকে, সেই বিষয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়েছে। বৈঠকে বিদ্যুৎ নিগমের ব্যবস্থাপক অধিকর্তা সহ জেনারেল ম্যানেজার, টিপিজিএল এবং টি পি টি এল-এর জেনারেল ম্যানেজার সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন।

PRESS MEET SHUSHANTO CHOWDHURY :

পরিবহনমন্ত্রী সুশান্ত চৌধুরী গতকাল মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে জানান, বেসরকারী চিকিৎসা সংস্থা “সৃজা হাসপিটাল এন্ড রিসার্চ ইনস্টিটিউট প্রাইভেট লিমিটেড” ত্রিপুরায় একটি সুপার স্পেশালিটি হাসপাতাল গড়ে তোলার জন্য রাজ্য সরকারের কাছে জমি চেয়েছে। তিনি বলেন, এই হাসপাতাল গড়ে তুলতে উপযুক্ত জমির জন্য আগরতলার কাছে আর কে নগরে ভেটেরিনারি কলেজের জমির একটি অংশ চিহ্নিত করা হয়েছে। পরিবহন মন্ত্রী বলেন, রাজ্যবাসীর স্বার্থে সব রকম পদ্ধতি অনুসরণ করে ও স্বচ্ছতার সঙ্গে রাজ্য সরকার এ ব্যাপারে অগ্রসর হয়েছে। এই হাসপাতালের জন্য জমি বরাদ্দের বিষয়টি প্রাথমিক পর্যায়ে রয়েছে উল্লেখ করে পরিবহন মন্ত্রী এবিষয়ে বিরোধী দলের বিধায়ক সুদীপ রায় বর্মণের অভিযোগ খন্ডন করেন।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সরকারি পদে ২৩বছর পূর্ণ করলেন। ২০০১ সালের এই দিনে শ্রী মোদি প্রথমবারের মতো গুজরাটের মুখ্যমন্ত্রীর দায়িত্ব নেন। গুজরাটের মুখ্যমন্ত্রী হিসেবে নরেন্দ্র মোদির উদ্যোগ থেকে কেন্দ্রের এনডিএ সরকার চালু করা

বেশ কয়েকটি কল্যাণমূলক কর্মসূচি অনুপ্রেরণা গ্রহণ করে। 'গুজরাট মডেল' নামে অভিহিত এই ব্যবস্থাগুলির মধ্যে রয়েছে সংরক্ষণ, বৃক্ষরোপণ অভিযান, সংবিধান দিবস উদযাপন, পরম্পরাগত পণ্যের প্রচার এবং ক্রীড়া সংস্কৃতিকে উৎসাহিত করা। জন ভাগিদারি বা শাসনে জনগণের অংশগ্রহণের ওপর জোর দিয়েছেন শ্রী মোদি। প্রধানমন্ত্রীর সূচনা করা বহুল আলোচিত জল জীবন মিশনটি ২০০৪ সালে উত্তর গুজরাটের জলের অভাবের জন্য চালু করা সুজলাম সুফলম জল অভিযানের অভিজ্ঞতা থেকে অনুপ্রাণিত।

Nirmala Sitaraman :

অর্থমন্ত্রী নির্মালা সীতারামন বহুপাক্ষিক উন্নয়ন ব্যাঙ্কগুলিকে শক্তিশালী করার বিষয়ে G20 স্বাধীন বিশেষজ্ঞ গোষ্ঠীর ৩০টি সুপারিশের মধ্যে ২৭টি বিবেচনা করায় বিশ্বব্যাংকের প্রশংসা করেছেন। নতুনদিল্লিতে অধ্যাপক নিক স্টার্নের সঙ্গে আলাপচারিতার সময়, তিনি জোর দিয়ে বলেন যে উন্নত থেকে উন্নয়নশীল দেশগুলিতে জলবায়ু অর্থ ও প্রযুক্তি স্থানান্তর পরবর্তীকালে উচ্চাভিলাষী জলবায়ু সংক্রান্ত পদক্ষেপ সফল করার জন্য গুরুত্বপূর্ণ। উল্লেখ্য, প্রফেসর নিক স্টার্ন ভারতের G-20 সভাপতিত্বের সময় স্থাপিত বহুপাক্ষিক উন্নয়ন ব্যাঙ্ক শক্তিশালীকরণ সম্পর্কিত স্বাধীন বিশেষজ্ঞ গ্রুপের সদস্য। প্রফেসর স্টার্ন বৈশ্বিক দক্ষিণের কণ্ঠকে কেন্দ্রীয় মঞ্চে নিয়ে আসার ক্ষেত্রে ভারতের G-20 সভাপতিত্বের ভূমিকার প্রশংসা করেছেন।

CPIM :

সিপিআইএম লংতরাইভ্যালি মহকুমার উদ্যোগে গতকাল মনু দলীয় অফিসে সিপিআইএম-এর কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক

প্রয়াত সীতারাম ইয়েচুরির স্মরণসভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান বক্তার ভাষণে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার অভিযোগ করেন, বর্তমান সরকার জনগণকে ন্যায্য পাওনা থেকে বঞ্চিত করেছে। তিনি এক দেশ এক নির্বাচন ব্যবস্থার তীব্র নিন্দা করেন।

Football Final Match :

সাব্রুমের বিন্দাস বয়েজ আয়োজিত পূর্নেন্দু বিকাশ দত্ত স্মৃতি প্রাইজমানি ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ান হল লুধুয়া ফুটবল সেন্টার। গতকাল সাব্রুম দ্বাদশ স্কুল মাঠে আসরের ফাইনাল ম্যাচে উদয়পুরে আমরা বন্ধু ক্লাবকে ২-১ গোলে হারায় বিজয়ী দল। চ্যাম্পিয়ান দলকে সুদৃশ্য ট্রফি সহ দেড় লক্ষ টাকা প্রাইজমানি ও রানার্স দলকে ট্রফি সহ ১ লক্ষ ২০ হাজার টাকা প্রদান করা হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিত সিংহ রায়, প্রাক্তন বিধায়ক শংকর রায় প্রমুখ।

Weather :

আকাশ সাধারণত মেঘলা থাকবে। কিছু কিছু জায়গায় হালকা থেকে মাঝারি অথবা বজ্র-বিদ্যুৎ সহ দু এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকবে। আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৮ ডিগ্রী সেলসিয়াস।
